# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৭৮৩

২৬/ ফাযায়েল

পরিচ্ছেদঃ মহানবী (ﷺ) এর ন্যায়পরায়ণতা

আরবী

عَنِ ابْنِ أَبِي حَدْرَدٍ الْأَسْلَمِيِّ أَنَّهُ كَانَ لِيَهُودِيٍّ عَلَيْهِ أَرْبَعَةُ دَرَاهِمَ فَاسْتَعْدَى عَلَيْهِ فَقَالَ يَا مُحَمَّدُ إِنَّ لِي عَلَى هٰذَا أَرْبَعَةَ دَرَاهِمَ وَقَدْ غَلَبَنِي عَلَيْهَا فَقَالَ أَعْطِهِ حَقَّهُ قَالَ وَالَّذِي بَعَثَكَ بِالْحَقِّ مَا أَقْدِرُ عَلَيْهَا قَالَ أَعْطِهِ حَقَّهُ قَالَ وَالَّذِي نَفْسِي بِيَدِهِ مَا أَقْدِرُ عَلَيْهَا قَدْ أَخْبَرْتُهُ أَنَّكَ تَبْعَثُنَا إِلٰى خَيْبَرَ فَأَرْجُو أَنْ تُغْنِمَنَا شَيْئًا فَأَرْجِعُ فَأَقْضِيهِ قَالَ أَعْطِهِ حَقَّهُ قَالَ وَكَأَنَّ النَّبِيَّ ﷺ إِذَا قَالَ ثَلَاثًا لَمْ يُرَاجِعْ فَخَرَجَ بِهِ ابْنُ أَبِيْ حَدْرَدٍ إِلٰى السُّوقِ وَعَلٰى رَأْسِهِ عِصَابَةٌ وَهُوَ مُتَّزِرٌ بِبُرْدٍ فَنَزَعَ الْعِمَامَةَ عَنْ رَأْسِهِ فَاتَّزَرَ بِهَا وَنَزَعَ الْبُرْدَةَ فَقَالَ اشْتَرِ مِنِّي هَذِهِ الْبُرْدَةَ فَبَاعَهَا مِنْهُ بِأَرْبَعَةِ الدَّرَاهِمِ فَمَرَّتْ عَجُوزٌ فَقَالَتْ مَا لَكَ يَا صَاحِبَ رَسُوْلِ اللهِ ﷺ فَأَخْبَرَهَا فَقَالَتْ هَا دُونَكَ هٰذَا بِبُرْدٍ عَلَيْهَا طَرَحَتْهُ عَلَيْهِ

বাংলা

(২৭৮৩) ইবনে আবূ হাদরাদ আসলামীর কাছে এক ইয়াহুদীর চার দিরহাম পাওনা ছিল। সুতরাং সে তাঁর বিরুদ্ধে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট নালিশ জানিয়ে বলল, 'হে মুহাম্মাদ! এর কাছে আমার চার দিরহাম পাওনা আছে। তা আদায় করতে আমাকে হার মানিয়েছে।'

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁকে বললেন, ''ওকে ওর পাওনা দিয়ে দাও।''

তিনি বললেন, 'সেই সত্তার কসম, যিনি আপনাকে সত্য-সহ প্রেরণ করেছেন! আমি তা পরিশোধে অক্ষম।'

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পুনরায় তাকীদ দিয়ে বললেন, ''ওকে ওর পাওনা দিয়ে দাও।''

তিনি বললেন, 'সেই সত্তার কসম, যাঁর হাতে আমার প্রাণ আছে! আমি তা পরিশোধে অক্ষম। আমি ওকে বলেছি, আপনি আমাদেরকে খায়বার পাঠাবেন এবং আশা করি যে, আপনি কিছু যুদ্ধলব্ধ সম্পদ দেবেন। অতঃপর ফিরে এসে আমি তার পাওনা মিটিয়ে দেব।'

কিন্তু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আবারো জোর দিয়ে বললেন, ’’ওকে ওর পাওনা দিয়ে দাও।’’

মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর ব্যাপারে রীতি এমন ছিল যে, তিনি কোন আদেশ তিনবার করলে আর তাঁর সাথে কেউ কথা বলতে পারতেন না। সে আদেশ প্রত্যাহার করার আর কোন আশা থাকত না।

সুতরাং ইবনে আবূ হাদরাদ বাদীকে সঙ্গে নিয়ে বাজারে বের হয়ে গেলেন। তাঁর মাথায় পাগড়ি ছিল এবং পরনে ছিল একটি চাদর। মাথার পাগড়িটা খুলে নিয়ে কোমরে জড়ালেন এবং চাদরটা খুলে নিয়ে বললেন, ’তুমি এটা আমার কাছ থেকে কিনে নাও।’

সুতরাং সেটাকে তার কাছে চার দিরহামে বিক্রি করে দিয়ে তার দেনা পরিশোধ করলেন।

সেখানে এ বৃদ্ধা তাঁর এ দশা দেখে বলল, ’হে রাসূলুল্লাহর সাথী! কী ব্যাপার আপনার?’

তিনি ঘটনা খুলে বললে, সে তাঁর গায়ে একটি চাদর ছুঁড়ে দিল।

## ফুটনোট

(আহমাদ ১৫৪৮৯, সিঃ সহীহাহ ২১০৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=66531

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন